গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি ইকবাল মেমোরিয়াল ডিগ্রি কলেজ
দাগনভূঞা, ফেনী।

Web: www.imgc.edu.bd, E-mail: info@imc.edu.bd,

স্মারক নং : আই এম গড সি/ ১০২৬/

তারিখ: ৬০/৮/২০২৬খ্রি.

# ২০২৬ - ২০২৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তি বিজ্ঞপ্তি

শিক্ষা মন্ত্রণালয়ের - ২৪/০৮/২০২৬ খ্রি: -এর পত্র মোতাবেক ২০২৬ - ২০২৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তি নীতিমালা - ২০২৬ অনুসারে সরকারি ইকবাল মেমোরিয়াল ডিগ্রি কলেজ একাদশ শ্রেণির (সাধারণ শাখা) মানবিক, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখায় ভর্তির আবেদন **০২/০৯/২০২৬ খ্রি: থেকে শুরু হবে** এবং একাদশ শ্রেণি (বি,এম,টি) শাখার ভর্তির আবেদন **২৯/০৮/২০২৬ খ্রি: থেকে শুরু হয়েছে।**

০১। প্রাথমিক আবেদনের যোগ্যতা: (সাধারণ শাখা) ও কলেজ EIIN:

| বিভাগ | জি,পি,এ |
|---|---|
| বিজ্ঞান | ৩.০০ |
| ব্যবসায় শিক্ষা | ২.৫০ |
| মানবিক | ২.০০ |

| শাখা | কলেজ EIIN / CODE |
|---|---|
| সাধারণ | 106553 |
| বি.এম.টি. | 69013 |

০২। ভর্তির যোগ্যতা ও গ্রুপ নির্বাচন :

২.১ ২০২৪, ২০২৫, ২০২৬ সালে দেশের যে কোন শিক্ষা বোর্ড এবং বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২৪, ২০২৫, ২০২৬ সালে এস.এস.সি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীগণ ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে নীতিমালার অন্যান্য বিধানাবলি সাপেক্ষে কোন কলেজ/ সমমানের প্রতিষ্ঠানের একাদশ শ্রেণিতে ভর্তির যোগ্য বিবেচিত হবে।

২.২ বিদেশি কোন বোর্ড বা অনুরূপ কোন প্রতিষ্ঠান হতে সমমানের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীগণ মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা কর্তৃক তার সনদের মান নির্ধারণের পর দফা (২.১) এর অধীনে ভর্তির যোগ্য বিবেচিত হবে।

২.৩ ভর্তির জন্য একজন প্রার্থী নিম্নরুপ গ্রুপ নির্বাচন করতে পারবে:

২.৩.১ বিজ্ঞান গ্রুপ হতে উত্তীর্ণ শিক্ষার্থী বিজ্ঞান , মানবিক ও ব্যবসায় শিক্ষা গ্রুপ এর যে কোন একটি;

২.৩.২ মানবিক গ্রুপ হতে উত্তীর্ণ শিক্ষার্থী মানবিক ও ব্যবসায় শিক্ষা গ্রুপ এর যে কোন একটি এবং

২.৩.৩ ব্যবসায় গ্রুপ হতে উত্তীর্ণ শিক্ষার্থী ব্যবসায় শিক্ষা ও মানবিক গ্রুপ এর যে কোন একটি;

২.৩.৪ মাদরাসা শিক্ষা বোর্ড থেকে বিজ্ঞান বিভাগে উত্তীর্ণ শিক্ষার্থী বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা গ্রুপ এর যে কোন একটি এবং সাধারণ ও মুজাব্বিদ মাহির গ্রুপ থেকে উত্তীর্ণ শিক্ষার্থী মানবিক ও ব্যবসায় শিক্ষা গ্রুপ এর যে কোন একটি।

২.৩.৫ বি.এম.টি শাখায় ভর্তির যোগ্যতা- যেকোন গ্রুপ থেকে এস.এস.সি ও সমমানের পরীক্ষায় পাস।

০৩। অনলাইনে ভর্তি :

৩.১ শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত সকল শিক্ষা প্রতিষ্ঠানে ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির জন্য অনলাইনের মাধ্যম আবেদন করতে হবে। অনলাইনে আবেদনের জন্য ওয়েবসাইট এর ঠিকানা : www.xiclassadmission.gov.bd

৩.২ শিক্ষার্থীরা শুধু অনলাইনে আবেদন করতে পারবে। অনলাইনে আবেদনের ক্ষেত্রে ২২০/- (দুইশত বিশ) টাকা আবেদন ফি জমা সাপেক্ষে সর্বনিম্ন ৫ (পাঁচ) টি এবং সর্বোচ্চ ১০ (দশ)টি কলেজ সমমানের প্রতিষ্ঠানের জন্য পছন্দক্রমের ভিত্তিতে আবেদন করতে পারবে। একজন শিক্ষার্থী যতগুলো কলেজে আবেদন করবে তার মধ্য থেকে শিক্ষার্থীর মেধা, কোটা (প্রযোজ্য ক্ষেত্রে) ও পছন্দক্রমের ভিত্তিতে একটি মাত্র কলেজে তার অবস্থান নির্ধারণ করা হবে;

৩.৩ যে কোন কোটায় আবেদনকৃত শিক্ষার্থীদের যথাযথ কর্তৃপক্ষের ইস্যুকৃত মূল সনদপত্র থাকতে হবে।

৩.৪ বি.এম.টি শাখায় আবেদনের জন্য ওয়েবসাইটের ঠিকানা: www.btebadmission.gov.bd

৩.৫ মুক্তিযোদ্ধা কোটায় মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধারে পুত্র/কণ্যাদের আবেদনের ক্ষেত্রে অবশ্যই মুক্তিযোদ্ধার সম্পর্কের সঠিক তথ্যাদি প্রদান করতে হবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি ইকবাল মেমোরিয়াল ডিগ্রি কলেজ
দাগনভূঞা, ফেনী।

Web: www.imgc.edu.bd, E-mail: info@imc.edu.bd,

স্মারক নং : আই এম গড সি/ ২০২৬

তারিখ: ৬০/৮/২০২৬ খ্রি.

০৪। ভর্তির আবেদন , ফল প্রকাশ, ভর্তি ও ক্লাস শুরু :

| বিষয় | তারিখ |
|---|---|
| ভর্তির জন্য অনলাইনে আবেদন গ্রহন (পুন:নিরীক্ষণসহ পুন:মূল্যায়নের জন্য যারা আবেদন করবে, আবেদনের যোগ্য হলে তাদেওর এই সময়ের মধ্যে আবেদন করতে হবে)। | ০২/০৯/২০২৬ খ্রি: বুধবার থেকে<br>১০/০৯/২০২৬ খ্রি: বৃহস্পতিবার পর্যন্ত |
| | |
| পুন:নিরীক্ষণসহ পুন:মূল্যায়নের ফলাফল পরিবর্তিত শিক্ষার্থীদের আবেদন গ্রহণ )। | ১২/০৯/২০২৬ খ্রি: শনিবার থেকে<br>১৩/০৯/২০২৬ খ্রি: রবিবার রাত: ৮.০০ টা পর্যন্ত |
| পছন্দক্রম পরিবর্তনের সময় | ১২/০৯/২০২৬ খ্রি: শনিবার থেকে<br>১৩/০৯/২০২৬ খ্রি: রবিবার রাত: ৮.০০ টা পর্যন্ত |
| | |
| নির্বাচিত শিক্ষার্থীদের ফল প্রকাশ | ১৭/০৯/২০২৬খ্রি: বৃহস্পতিবার রাত ৮.০০ টায় |
| | |
| শিক্ষার্থীর নির্বাচন নিশ্চায়ন (শিক্ষার্থী নিশ্চায়ন না করলে নির্বাচন এবং আবেদন বাতিল হবে | নির্বাচিত শিক্ষার্থীদের ফল প্রকাশের পর থেকে ১৯/০৯/২০২৬ খ্রি: শনিবার (রাত ৮.০০ টা পর্যন্ত ) |
| বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা বিভাগের নিশ্চায়ন ফি - ৩৪০/- | |
| ভর্তি | ২০/০৯/২০২৬ খ্রি: (রবিবার) থেকে<br>২২/০৯/২০২৬ খ্রি: (মঙ্গলবার) পর্যন্ত |
| ক্লাস শুরু | ২৩ সেপ্টেম্বর-২০২৬ (বুধবার) |

**** উল্লেখ্য অনলাইন ব্যতীত ম্যানুয়ালি কোন ভর্তি কার্যক্রম করা হবে না।

*** ভর্তির সময় প্রার্থীকে মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট/ নম্বরপত্র ও প্রশংসাপত্র জমা দিতে হবে।

বিশেষ দ্রষ্টব্য : ভর্তির সময় বোর্ড কর্তৃক নির্ধারিত ফি ও কলেজ সেশন ফি পরবর্তী বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হবে।

৩০/৮/২৬
আহ্বায়ক
একাদশ শ্রেণির ভর্তি পরিচালনা কমিটি
সরকারি ইকবাল মেমোরিয়াল ডিগ্রি কলেজ
দাগনভূঁইয়া, ফেনী।

৩০/০৮/২৬
অধ্যক্ষ
সরকারি ইকবাল মেমোরিয়াল ডিগ্রি কলেজ
দাগনভূঁইয়া, ফেনী।